৬৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 FEB 1998
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# বুয়েটের ভর্তি পরীক্ষা পদ্ধতি পরিবর্তন ॥ স্থাপত্য বিভাগের শিক্ষকদের কর্মবিরতি

**বুয়েট রিপোর্টার ॥** প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের ফলে উদ্ভূত পরিস্থিতি নিরসনের কোন লক্ষণ দেখা যাচ্ছে না। ভর্তি পরীক্ষা পরিবর্তনের প্রতিবাদে স্থাপত্য বিভাগের শিক্ষকগণ কর্মবিরতি পালন করছেন। স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা আলাদাভাবে নেয়ার দাবি জানিয়ে উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেছে। অপর দিকে বুয়েট কর্তৃপক্ষ নতুন পরীক্ষা পদ্ধতির সিদ্ধান্তে অটল রয়েছে।

স্থাপত্য বিভাগের অধ্যাপক মীর মোবাশ্বের আলী বলেছেন, আমাদের সকল অনুরোধ ও প্রস্তাবকে অগ্রাহ্য করে কর্তৃপক্ষ নতুন পরীক্ষা পদ্ধতির সিদ্ধান্তে অটল থাকলে আমরা কোন কাজ করবো না। তিনি বলেন, স্থাপত্য বিভাগের শিক্ষকরা কোন পরীক্ষা নিবে না, ছাত্রছাত্রীদের রেজাল্ট জমা এবং কোর্স রেজিস্ট্রেশন কোন কিছুই হবে না। তিনি আরও বলেন, কর্তৃপক্ষ এমন করলে আমরাও আমাদের সিদ্ধান্তে অটল থাকব।

বৃহস্পতিবার দুপুরে স্থাপত্য বিভাগের ছাত্র ছাত্রীরা নতুন পরীক্ষা পদ্ধতির প্রতিবাদ এবং স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা আলাদাভাবে নেয়ার দাবি জানিয়ে মৌন মিছিল বের করে। মিছিল শেষে তারা উপাচার্যের নিকট স্মারকরিপি পেশ করে। স্মারকলিপিতে স্থাপত্য বিভাগের প্রায় সাড়ে তিন শ' ছাত্রছাত্রীর মধ্যে তিন শ' চারজনের স্বাক্ষর ছিল।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কোর্স সিস্টেমের সকল ব্যাচের ক্লাস আগামী পহেলা মার্চ। তার আগে কোর্স রেজিস্ট্রেশন হবে ২৪ থেকে ২৬ ফেব্রুয়ারি। নিয়ম অনুযায়ী কোর্স রেজিস্ট্রেশনের আগেই পরীক্ষার ফল ঘোষণা করা হয়। কিন্তু বৃহস্পতিবার পর্যন্ত স্থাপত্য বিভাগের কোন শিক্ষকই পরীক্ষার ফল পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দেননি। ফলে কোর্স রেজিস্ট্রেশনের পূর্বে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের ফল ঘোষণা হবে কিনা তা অনিশ্চিত হয়ে পড়েছে। এ অবস্থা চলতে থাকলে ঠিক সময়ে ক্লাস শুরু হবে কিনা তা নিয়ে সাধারণ ছাত্রছাত্রীদের মাঝেও সংশয় দেখা দিয়েছে।